**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 25-01-2026** **Time: 7.35 A.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) সুপ্রিম কোর্টের নির্দেশ মত নির্বাচন কমিশন, এসআইআর প্রক্রিয়ায় লজিকাল ডিসক্রিপেন্সির তালিকা তাদের ওয়েবসাইটে প্রকাশ করেছে।

২) আজ ষোড়শ জাতীয় ভোটার দিবস। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেছেন, ত্রুটিমুক্ত ভোটার তালিকা গণতন্ত্রের ভিত্তি। এরাজ্যের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার ধনধান্য অডিটোরিয়ামে।

৩) রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে প্রশাসনিক মদতে বেলডাঙায় অশান্তি করা হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৪) ৭৭ তম সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ জাতির উদ্দেশে ভাষণ দেবেন।

৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সামনে তুলে ধরবেন।

৬) জাতীয় ফুটবল সন্তোষ ট্রফিতে বাংলা আজ রাজস্থানের মুখোমুখি হচ্ছে।

---

সুপ্রিম কোর্টের নির্দেশ মত ভারতের নির্বাচন কমিশন, এসআইআর প্রক্রিয়ায় লজিকাল ডিসক্রিপেন্সি বা যুক্তিগ্রাহ্য অসঙ্গতির তালিকা তাদের ওয়েবসাইটে প্রকাশ করেছে। জেলা নির্বাচনী আধিকারিক ইআরও এবং বিএলও-রা সেখান থেকে প্রিন্টআউট নিতে পারবেন। এই তালিকা ঝোলানো থাকবে পঞ্চায়েত ভবন এবং ব্লক অফিসগুলিতে। গত ১৯ তারিখ সুপ্রিম কোর্ট নির্বাচন কমিশনকে লজিকাল ডিসক্রিপেন্সির তালিকায় থাকা ভোটারদের নাম যথাযথভাবে জানাতে নির্দেশ দিয়েছিল। প্রায় এক কোটি ২৫ লক্ষ ভোটারের নাম এই তালিকায় রয়েছে বলে শীর্ষ আদালতে দেওয়া তথ্যে উঠে আসে।

----------------------

আজ ষোড়শ জাতীয় ভোটার দিবস। এই উপলক্ষে আজ নির্বাচন কমিশন নতুন দিল্লিতে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু প্রধান অতিথি হিসেবে সেখানেই উপস্থিত থাকবেন। নতুন ভোটারদের হাতে ভোটার পরিচয়পত্র বা এপিক কার্ড তুলে দেবেন তিনি। এবারের ভোটার দিবসের মূল ভাবনা ‘মাই ইন্ডিয়া, মাই ভোট’ এবং স্লোগান ‘সিটিজেন অ্যাট দ্য হার্ট অব ইন্ডিয়ান ডেমোক্রেসি’।

রাজ্য স্তরে মূল অনুষ্ঠানটি হবে কলকাতার ধনধান্যে অডিটরিয়ামে। দুপুরে ওই অনুষ্ঠানে রাজ্যের SIR কাজে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করায় প্রতিটি বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত BLO দের পুরস্কৃত করা হবে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

----------------------

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেছেন, নিশ্ছিদ্র ভোটার তালিকা গণতন্ত্রের ভিত্তি। এই দিকে লক্ষ্য রেখেই ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী বা SIR করা হচ্ছে।

বাইট জ্ঞানেশ কুমার

-----------------------

রাজ্যকে অশান্ত করার জন্য সুনির্দিষ্টভাবে পরিকল্পনা করে বেলডাঙায় অশান্তি করা হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের মুখপাত্র দেবজিত সরকার গতকাল এক সাংবাদিক সম্মেলনে বলেন, গোলমাল বাধিয়ে তৃণমূল কংগ্রেস বেশিদিন ক্ষমতায় থাকতে পারবে না। রাজ্যের শাসকদলের বিরুদ্ধে উদ্দেশ্যপ্রণোদিতভাবে বিভাজনের রাজনীতির অভিযোগ তুলেছেন তিনি।

বাইট দেবজিত সরকার

উল্লেখ্য, মুর্শিদাবাদের বেলডাঙার পরিযায়ী শ্রমিক আলাউদ্দীন শেখ ঝাড়খন্ডে আত্মহত্যা করেছেন বলে রিপোর্ট জমা দিয়েছে মুর্শিদাবাদ জেলা পুলিশের বিশেষ তদন্তকারী দল। ময়নাতদন্তের রিপোর্টের প্রেক্ষিতে পুলিশ জানিয়েছে, ঝাড়খন্ডের পালামু জেলায় ভাড়া ঘরে আত্মহত্যাই করেছিলেন তিনি। তাঁর শরীরে কোনও আঘাতের চিহ্ন মেলেনি। তাঁকে খুন করা হয়নি।

-----------------------

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য দলীয় ইস্তাহার প্রস্তুতি কমিটির ঘোষণা করেছে বিজেপি। সংকল্প পত্র নামের এই ইস্তাহার প্রস্তুতি কমিটির চেয়ারম্যান হয়েছেন প্রাক্তন বিধায়ক তাপস রায়। আহ্বায়ক হিসাবে অর্থনীতিবিদ তথা বিধায়ক ডঃ অশোক লাহিড়ির নাম ঘোষণা করা হয়েছে। সদস্য হিসাবে রয়েছেন ৮ জন।

-----------------------

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন দলীয় কর্মসূচিতে অংশ নিতে ২৭তারিখ দুর্গাপুরে আসছেন। দলীয় সূত্রের খবর, ২৭ তারিখ বিকেলে তিনি অন্ডাল বিমানবন্দরে পৌঁছোনর পর তিনি যাবেন দুর্গাপুরে চিত্রালয়া মেলা ময়দানে । এরপর দুর্গাপুরে একটি বেসরকারি হোটেলে সাংগঠনিক বৈঠক করবেন। পরের দিন ২৮ তারিখ তিনি দুর্গাপুর ভিরিঙ্গি কালীমন্দিরে পূজা দেবেন এবং চিত্রালয়া মেলা ময়দানে কার্যকর্তা সম্মেলনে অংশ নেবেন। এরপর রানীগঞ্জে অপর একটি সাংগঠনিক বৈঠকে তাঁর যোগ দেওয়ার কথা।

----------------------

রাজ্য পুলিশের পরবর্তী মহানির্দেশক নিয়োগের জন্য ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের কাছে আট জন আইপিএস আধিকারিকের নাম প্রস্তাব করেছে রাজ্য সরকার। ইউপিএসসি-কে পাঠানো তালিকায় আইপিএস আধিকারিক দেবাশীষ রায়, অনুজ শর্মা, জগমোহন, এন রমেশবাবু, রণবীর কুমার, সিদ্ধিনাথ গুপ্ত, রাজেশ কুমার ছাড়াও বর্তমান ভারপ্রাপ্ত ডিজি রাজীব কুমারের নাম রয়েছে।

উল্লেখ্য এর আগে ২০২৩ সালে ডিসেম্বর মাসে মনোজ মালব্য অবসর নেওয়ার পরে রাজীব কুমারকে অস্থায়ীভাবে দায়িত্ব দেওয়া হয়। আগামী ৩১ শে জানুয়ারি অবসর নেবেন তিনি।

----------------------

সড়ক, মহাসড়ক, রেল, পরিবেশ বান্ধব শক্তির বিকাশ সহ নানান প্রকল্পের কাজ চলছে দেশে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরাসরি তত্ত্বাবধানে এই প্রকল্পগুলির বাস্তবায়নের কাজ চলছে। Pro-Governance and Timely Implementation - PRAGATI

(প্রগতি) পরিমণ্ডলের ভারতে মহাসড়কের বিস্তারে জাতীয় মহাসড়ক কতৃপক্ষ NHAI ৯৬৪টি প্রকল্প হাতে নিয়েছে। এগুলির মধ্যে ২৭৩ প্রকল্প-এর সরাসরি নজরদারী চালান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রগতি-র মাধ্যেমে নেওয়া প্রকল্পগুলির বাস্তবায়নের সময় উঠে আসা বিভিন্ন রকম বাধার দ্রুত সমাধানের চেষ্টা করা হয়। পশ্চিমবঙ্গে ৩৯৩০ কোটি টাকার ২৬টি সড়ক প্রকল্পের মধ্যে ৬০টি প্রকল্পের কাজ চলছে। এই রাজ্যের সড়ক নির্মানের সময়, NHAI বেশি কয়েকটি বিষয়ে প্রতিবন্ধকতার সম্মুখীন হয়। পরবর্তী সময়ে কয়েকটির নিস্পত্তি করে দ্রুত কাজ এগিয়ে নিয়ে যাওয়া হয়েছে।

-----------------------

৭৭ তম সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ জাতির উদ্দেশে ভাষণ দেবেন। আকাশবাণীর সবকটি প্রচার তরঙ্গ সন্ধ্যে ৭টা থেকে সেই ভাষণ সম্প্রচার করবে। রাত সাড়ে ৯টায় রাষ্ট্রপতির ভাষনের বাংলা তর্জমা প্রচারিত হবে।

রাষ্ট্রপতির ভাষণের কারণে আজ সন্ধ্যে ৭টা ৩৫ মিনিটের বাংলা সংবাদ ও রাত ৮টা দশের খেলার খবর বাতিল করা হয়েছে। আজ ও আগামীকাল (২৬ তারিখ) মৈত্রী প্রচার তরঙ্গে রাত সোয়া ৯টার বিশ্ব পরিক্রমা ১৫ মিনিটের হবে। এফ এম রেইনবোর আজকের সন্ধ্যে ৭টার ২ মিনিটের সংবাদ হেডলাইন হবে না। আগামীকাল ২৬ শে জানুয়ারি সকাল ১০টা এবং বেলা ১১টার হেডলাইনও বাতিল থাকছে।

দিল্লি থেকে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজের ধারা বিবরনী বেলা ১২টার পরেও চললে ১২টার হেডলাইন বাতিল হবে। পাশাপাশি সাধারণতন্ত্র দিবসে সকাল ১০ টা ১০ মিনিটের সঞ্চয়িতা থেকে প্রচারিত স্থানীয় সংবাদ বাতিল থাকবে এবং আজ দিল্লি থেকে

আকাশবাণীর পডকাস্ট প্রচারিত হলে রাত ৯টার এফ এম রেইনবোর হেডলাইন সম্প্রচারিত হবে না।

-----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট, newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

-----------------------

দুই ঐতিহ্যবাহী শহর কলকাতা ও বারাণসীর মধ্যে রেল যোগাযোগ বৃদ্ধি করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সম্প্রতি শিয়ালদা - বারাণসীর মধ্যে অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার শুভ সূচনা করেন। গতকাল এই ট্রেনের প্রথম বানিজ্যিক যাত্রা শুরু হয়েছে। সপ্তাহে প্রতি শনি, সোম ও বুধবার সন্ধ্যা সাড়ে ৭ টায় শিয়ালদা থেকে ট্রেনটি যাত্রা শুরু করবে। অন্যদিকে, বারাণসী - শিয়ালদা অমৃত ভারত এক্সপ্রেস প্রতি শুক্র, রবি ও মঙ্গলবার রাত ১০ টা ১০ মিনিটে বারাণসী স্টেশন থেকে ছাড়বে ।

-----------------------

শিয়ালদহ দক্ষিণ এবং উত্তর শাখার মধ্যে সংযোগকারী পথে ইস্পাতের সেতুর গার্ডার বদলের কাজের জন্য ওই দুই শাখায় আজ রাত ৯টা পর্যন্ত, টানা ২৩ ঘণ্টা ট্রেন চলাচল বন্ধ রয়েছে।

এই কাজের জন্য প্রায় ১৫টি লোকাল ট্রেন বাতিল ছাড়াও বেশ কিছু ট্রেনের যাত্রাপথ ঘুরিয়ে দেওয়া অথবা সংক্ষিপ্ত করা হচ্ছে।

বজবজ-নৈহাটি শাখায় একটি, নৈহাটি-শিয়ালদহ শাখায় চারটি, মধ্যমগ্রাম-মাঝেরহাট শাখায় দু'টি, ক্যানিং-বারাসত পথে একটি, নৈহাটি-মাঝেরহাট শাখায় তিনটি ছাড়াও মাঝেরহাট-হাসনাবাদ, মাঝেরহাট-রানাঘাট শাখায় একটি করে এবং শিয়ালদহ-বজবজ শাখায় দু'টি লোকাল ট্রেন বাতিল করা হয়েছে।

এর পাশাপাশি, সরস্বতী পুজোর বিসর্জনের জন্য আজ থেকে ২৬ জানুয়ারি পর্যন্ত গঙ্গা তীরবর্তী অংশে চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে।

অন্যদিকে, জরুরী মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আজ আরও এক দফায় সম্পূর্ণ বন্ধ রয়েছে। ভোর পাঁচটা থেকে রাত ন'টা পর্যন্ত ১৬ ঘন্টা এই সেতুর উপর দিয়ে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ থাকছে। এই সময় সব যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হচ্ছে।

-----------------------

ভোর ও রাতের দিকে শীত অনুভূত হলেও সারাদিন সূর্যের তাপ থাকায় মাঘ মাসের প্রথম অর্ধেই গরম অনুভূত হতে শুরু করেছে। উর্ধ্বমুখী তাপমাত্রার পারদও। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে যা ১ দশমিক ৩ ডিগ্রি বেশি। সকালের দিকে বিক্ষিপ্তভাবে দু এক

জায়গায় কুয়াশার সম্ভাবনা রয়েছে। আগামী ৭ দিন রাজ্যের সর্বত্রই শুষ্ক ও রৌদ্রজ্জ্বল আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

----------------------

জাতীয় ফুটবল সন্তোষ ট্রফিতে গ্রূপ লিগের তৃতীয় ম্যাচে বাংলা, আজ রাজস্থানের বিরূদ্ধে খেলবে। অসমের ডিব্রুগড়ের ঢাকুয়াখানা স্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর দুটোয়। আগের ম্যাচে বাংলা ,উত্তরাখণ্ড কে ১-০ গোলে হারিয়ে দেয়।

---------------------- ----------------------